

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) “স্বেদ-মকরন্দ/বিন্দু বিন্দু চুম্বত/বিকশিত ভাব-কদম্ব ॥”

‘ভাব-কদম্ব’-এর অর্থ কী?

(খ) “রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভের।”

পদটির রচয়িতা কে?

(গ) ‘পূর্বরাগ’-এর শ্রেষ্ঠ পদকর্তা কে?

(ঘ) “প্রেমক অক্ষুর জাত আত ভেল না ভেল যুগল পলাশ্য।”

এটি কোন্ পর্যায়ের পদ?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

“রূপের পাথারে.— ডুবি সে রহিল।”

(চ) “চৈতন্যকীর্তন স্মৃরে যাহার কৃপায়।” বৃন্দাবন দাস এখানে কার কথা বলেছেন?

(ছ) শূন্যস্থান পূর্ণ করো :
“কৃপাসিদ্ধু ভক্তিদাতা ত্রাণ —।
অবতীর্ণ হৈলা ধরি নিত্যানন্দ নাম ॥”

(জ) “মৌড়েশ্বর গোসাঞির হইল গর্জন।” ‘মৌড়েশ্বর গোসাঞি’ কে?

(ঝ) “প্রভুর প্রভাবে গুপ্ত পরম পণ্ডিত।” এই ‘গুপ্ত’ কে?

(ঞ) “করাইমু কৃষ্ণ সর্ব-নয়নগোচর।” উক্তিটি কে করেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

(ক) গোবিন্দদাস চৈতন্য-পূর্ববর্তী, না পরবর্তী যুগের কবি? ইনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা?

(খ) গদ্যরূপ নির্দেশ করো :
নিকসয়ে; বিজুরি।

(গ) নিত্যানন্দ কোন্ মাসের, কোন্ তিথিতে জন্মগ্রহণ করেছিলেন?

(ঘ) শ্রীচৈতন্যের অগ্রজ ভ্রাতার নাম কী ছিল? তাঁর বিষয়ে কী জান?

(ঙ) ‘লছ’ এবং ‘পঁছ’ শব্দ দুটির অর্থ লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$৫ \times ৪ = ২০$

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“চঞ্চল চরণ কমল-তলে বাহুর
ডকত-ভ্রমণগণ ভোর।
পরিমলে লুবধ সুরাসুর ধাবই
অহনিশি রহত অগোর ॥”

(খ) “ধৈর্য্য-শীল-হেমাগার গুরু-গৌরব সিংহদ্বার
ধরম-কপাট ছিল তায়।
বংশীরব বজ্রাঘাতে পড়ি গেল অকস্মাতে
সমভূমি করিল আমায় ॥”

উদ্ধৃতাংশের বক্তব্য-বিষয় বিশদ করো।

(গ) অভিষার বলতে কী বোঝ? ‘বৈষ্ণব পদাবলি’ থেকে উদাহরণ দিয়ে তোমার বক্তব্য-বিষয় স্পষ্ট করো।

(ঘ) মহাপ্রভুর বাল্যজীবনের বর্ণনায় দুই চোরের প্রসঙ্গ কেন এসেছিল, লেখো।

(ঙ) “হাসিয়া কহেন প্রভু আমি সে গোয়াল।
ব্রাহ্মণের অন্ন আমি খাই চিরকাল ॥”

প্রসঙ্গের উল্লেখ করে চৈতন্যের এরূপ উক্তির কারণ দর্শাও।

(চ) সংক্ষিপ্ত টীকা লেখো :

মাধবেদ্রপুরী অথবা মুরারি গুপ্ত

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর
লেখো : $10 \times 8 = 80$

ক—গুচ্ছ

- ৪। (ক) 'গৌরচন্দ্রিকা' এবং 'গৌরাঙ্গ'-বিষয়ক পদের মধ্যে কোনো পার্থক্য আছে কী? তোমার পঠিত যে কোনো দুটি পদ অবলম্বনে এ বিষয়ে আলোচনা করো।
- (খ) “‘পূর্বরাগ’ পর্যায়ের পদ-রচনায় চণ্ডীদাসকে শ্রেষ্ঠ পদকর্তা বলা হয়েছে।” তোমার পঠিত চণ্ডীদাস-কৃত ‘পূর্বরাগ’-এর পদ অবলম্বনে এ বিষয়ে আলোচনা করো।
- (গ) প্রেমবৈচিত্র্য বলতে কী বোঝ? যে কোনো দুটি পদ বিশ্লেষণ করে তোমার বক্তব্য-বিষয় স্পষ্ট করো।
- (ঘ) 'বৈষ্ণব পদাবলি'র কাব্যগুণ পঠিত পদাবলি থেকে উদ্ধৃতি সহযোগে আলোচনা করো।

খ—গুচ্ছ

- ৫। (ক) জীবনীকাব্য হিসেবে বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত'-এর সার্থকতা আলোচনা করো।
- (খ) “শ্রীচৈতন্যের বাল্যজীবনের মধ্যে বৃন্দাবন দাস শ্রীকৃষ্ণের বাল্যজীবনেরই রূপভেদ দেখেছিলেন।” ‘চৈতন্য ভাগবত’-এর তোমার পঠিত অধ্যায়গুলো অবলম্বনে আলোচনা করো।

- (গ) চৈতন্যবির্ভাবের অব্যবহিত পূর্ববর্তীকালের যে সমাজচিত্র এবং ধর্মীয় পরিবেশ 'চৈতন্য ভাগবত'-এ স্থান পেয়েছে, সে সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) চৈতন্যের বাল্যলীলা বর্ণনায় বৃন্দাবন দাস চৈতন্যের দুর্বীর দূরন্তপনার যে চিত্রগুলো উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।
